

কলেজ পরিচিতি

পার্বত্য চট্টগ্রামের এক প্রত্যন্ত জনপদ মহালছড়ি, যা খাগড়াছড়ি পার্বত্য জেলার অন্তর্গত। ইতিহাসের এক গুরুত্বপূর্ণ অধ্যায়ে এ অঞ্চলের শিক্ষাবিহীন মানুষদের মাঝে উচ্চ শিক্ষার আলো পৌঁছে দেওয়ার তীব্র প্রয়োজন অনুভূত হয়। দীর্ঘদিন যাবৎ এ জনপদের শিক্ষার্থীরা এসএসসি পাশ করার পর উচ্চ শিক্ষার জন্য খাগড়াছড়ি জেলা সদর কিংবা পাশের রাজমাটি জেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে যেতে বাধ্য হতো। যাতায়াতের কষ্ট, পারিবারিক অসচ্ছলতা এবং পাহাড়ি পথের দুর্কহতা অনেক শিক্ষার্থীর উচ্চ শিক্ষার স্বপ্নকে থামিয়ে দিত।

এই প্রেক্ষাপটে মহালছড়ি অঞ্চলের একদল দূরদর্শী, শিক্ষানুরাগী ও সমাজ সচেতন ব্যক্তির অন্তরের তাগিদে উচ্চ শিক্ষা প্রসারের মহতী উদ্যোগ গ্রহণ করা হয়। তাদের অনুপ্রেরণায় এবং সেনা প্রশাসন, উপজেলা প্রশাসন ও স্থানীয় জনগণের এক্যবদ্ধ প্রচেষ্টায় ১৯৮৮-৮৯ শিক্ষাবর্ষে “মহালছড়ি কলেজ” নামকরণপূর্বক একটি প্রতিষ্ঠান গড়ে তোলার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মোতাবেক জুলাই ১৯৮৮ খ্রি. থেকে উপজেলা পাবলিক লাইব্রেরিতে (এপিবিএন রোড, মোহাম্মদপুর মহল্লা) কলেজের দাপ্তরিক কার্যক্রম শুরু হওয়ার পর আনুষ্ঠানিকভাবে ১৮ অক্টোবর ১৯৮৮ খ্রি. উপজেলা পাবলিক লাইব্রেরি সংলগ্ন শিশু বিকাশ কেন্দ্রে পাঠদান কার্যক্রম উদ্বোধন করেন ১ই বেঙ্গল মহালছড়ি জোনের মাননীয় জোন অধিনায়ক লে. কর্ণেল সাদেক।

কলেজের শিক্ষার্থীর সংখ্যা ক্রমবশ্যে বৃদ্ধি পাওয়ায় ১৯৯১ সালে মহালছড়ি উপজেলা সদরের খাগড়াছড়ি-রাজমাটি সড়কের পূর্ব পাশে ২৪ মাইল নামক ওয়াইজংশন এলাকায় কলেজটি স্থানান্তর করা হয়। এখানে প্রথমে একটি টিনশেড বিল্ডিংয়ে পাঠদান শুরু করার পর স্থান সংকুলানের জন্য সরকারি বরাদ্দের আবেদনের পরিশ্রমের ফলে প্রথমে বর্তমান প্রশাসনিক বিল্ডিং সংলগ্ন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের অর্থায়নে এক তলা বিল্ডিং (বর্তমানে পরিত্যক্ত) নির্মিত হয়। অতঃপর ফ্যাসিলিটিজ ডিপার্টমেন্ট (অধুনা শিক্ষা প্রকৌশল অধিদপ্তর) এর অর্থায়নে ১৪ মার্চ ১৯৯৮ খ্রি. কলেজ মাঠের পূর্ব পাশে একটি তিন তলা ভবনের নির্মাণ কাজ সম্পন্ন করে শ্রেণি কার্যক্রম উদ্বোধন করা হয়। এরপর খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের অর্থায়নে একটি দোতলা প্রশাসনিক ও একাডেমিক ভবন পর্যায়ক্রমে ২০০৭ খ্রি. থেকে ২০১৬ খ্রি. সময়ের মধ্যে নির্মিত হয় এবং পরবর্তীতে প্রশাসনিক ভবনের উপর দুটি টিনশেড কক্ষ সম্প্রসারণ করা হয়। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ির অর্থায়নে (নির্মাণ সন ২০১৯-২০২১ খ্রি.) আরো একটি চারতলা ভিত্তি বিশিষ্ট আইসিটি ভবন নির্মিত হয়।

এটি কেবল একটি শিক্ষা প্রতিষ্ঠান নয়, বরং একটি যুগান্তকারী পদক্ষেপ, যা পাহাড়ি জনজীবনের শিক্ষা উন্নয়নে রেখেছে গভীর ও স্থায়ী ছাপ। এখানে সেই মহান ব্যক্তিদের নাম শ্রদ্ধাভরে উল্লেখ করা হলো, যাদের অক্লান্ত পরিশ্রম, আত্মত্যাগ এবং শিক্ষার প্রতি ভালোবাসা ছাড়া মহালছড়ি কলেজের জন্ম কল্পনাও করা যেত না।

যাদের মহান উদ্যোগে মহালছড়ি কলেজ প্রতিষ্ঠা লাভ করে:

১. মাননীয় জোন অধিনায়ক লে. কর্ণেল সাদেক

মহালছড়ি জোন, মহালছড়ি, খাগড়াছড়ি।

২. মাননীয় জোন অধিনায়ক লে. কর্ণেল রোকনউদ্দোল্লা

মহালছড়ি জোন অধিনায়ক, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩. বাবু উল্লাহ চৌধুরী

প্রাক্তন চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

৪. জনাব মোল্লা আব্দুল আউয়াল

উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

৫. জনাব নুরন নবী তালুকদার

উপজেলা নির্বাহী কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

৬. বাবু হৃদয় রঞ্জন দাশ

উপজেলা ১ম শ্রেণি ম্যাজিস্ট্রেট, মহালছড়ি, খাগড়াছড়ি।

৭. জনাব মনিরুল আলম

উপজেলা কৃষি কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

৮. বাবু বিন্দু কুমার খীসা

প্রাক্তন জুরীবোর্ড সদস্য ও চেয়ারম্যান, মাইসছড়ি ইউপি, মহালছড়ি, খাগড়াছড়ি।

৯. বাবু রবীন্দ্র নাথ খীসা

প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১০. বাবু দীপলো চাকমা

প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১১. বাবু আদি শংকর খীসা

প্রাক্তন চেয়ারম্যান, মাইসছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১২. বাবু ধৃত রঞ্জন চাকমা

প্রাক্তন চেয়ারম্যান, ক্যায়াংঘাট ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৩. বাবু কংজরী মারমা

প্রাক্তন চেয়ারম্যান, মুবাছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৪. বাবু অজিত কান্তি দাশ

প্রাক্তন চেয়ারম্যান, সদর ইউনিয়ন, পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৫. বাবু মংহাফ্রা চৌধুরী

প্রাক্তন চেয়ারম্যান, সিন্দুকছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৬. বাবু রিভাই মারমা

প্রাক্তন চেয়ারম্যান, মাইসছড়ি ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৭. বাবু শান্তি কুমার চাকমা

প্রাক্তন চেয়ারম্যান, ক্যায়াংঘাট ইউনিয়ন পরিষদ, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৮. বাবু মংসুইফ্রা চৌধুরী

প্রধান শিক্ষক, সিঙ্গিনালা উচ্চ বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৯. বাবু মহেন্দ্র নাথ খীসা

প্রধান শিক্ষক, লেমুছড়ি উচ্চ বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।

২০. জনাব মোঃ শাহজাহান পাটোয়ারী

প্রধান শিক্ষক, মহালছড়ি মডেল পাইলট উচ্চ বিদ্যালয়

২১. বাবু সুধাংশু বিকাশ খীসা

হেডম্যান, কেরেংগানাল মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২২. বাবু নবদীপ চাকমা

হেডম্যান, ক্যায়াংঘাট মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৩. বাবু কংহ্লাচাই চৌধুরী

হেডম্যান, মুবাছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৪. বাবু হলাঅংশু চৌধুরী

হেডম্যান, চৌংড়াছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৫. বাবু উদয়ন চাকমা

হেডম্যান, মাইসছড়ি মৌজা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৬. বাবু আদি রতন খীসা

অবসরপ্রাপ্ত সহকারী পশুপালন কর্মকর্তা, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৭. বাবু জয়ন্ত কুমার কার্বারী

পাহাড়তলী, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৮. বাবু মংসাথোয়াই মারমা

সভাপতি, প্রাইমারী শিক্ষক সমিতি, মহালছড়ি, খাগড়াছড়ি।

২৯. বাবু সুরং বিহারী খীসা

কার্বারী, খুলারাম পাড়া, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩০. বাবু শোভাপূর্ণ চাকমা

সহকারী শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩১. মিজ শৈব রানী চাকমা

সহকারী শিক্ষক, সরকারি প্রাথমিক বিদ্যালয়, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩২. বাবু বন বিহারী চাকমা

ক্যায়াংঘাট, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩৩. ডাঃ মানিক ত্রিপুরা

মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩৪. ডাঃ স্বপন চক্রবর্তী

মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩৫. বাবু বিজয় কৃষ্ণ মহাজন

মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩৬. বাবু অমলেন্দু বিকাশ বড়ুয়া

মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

৩৭. জনাব মোঃ ফিরোজ আহম্মদ

মহালছড়ি বাজার, মহালছড়ি, খাগড়াছড়ি।

দাতা - (ভূমি)

মংসুইঞ্চ চৌধুরী (বাজার চৌধুরী)
থলিপাড়া, মহালছড়ি, খাগড়াছড়ি।

স্বীকৃতি/অধিভুক্তি সংক্রান্ত তথ্য

স্তর	১ম অনুমতি/ সাময়িক মঞ্জুরীর তারিখ	প্রথম স্বীকৃতি/ অধিভুক্তি তারিখ	বোর্ড বিশ্ববিদ্যালয়	এম.পি.ও ভুক্তির তারিখ	কলেজ কোড
উচ্চ মাধ্যমিক	০১/০৭/১৯৮৯ খ্রি.	০১/০৭/১৯৮৯ খ্রি.	মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা	০১/০৭/১৯৯৩ খ্রি.	৫২৫১
উচ্চ মাধ্যমিক (বিএম)	০১/০৭/১৯৯৫ খ্রি.	০১/০৭/১৯৯৫ খ্রি.	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা	০১/০৩/১৯৯৭ খ্রি.	৭১০০৫
ডিগ্রি (পাস)	০১/০৭/২০১৩ খ্রি.	০১/০৭/২০১৪ খ্রি.	জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর		৪৭০৮